# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮২

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ "সালাতুল উসতা" হল আসরের সালাত; কেউ কেউ বলেন, এ হল যুহরের সালাত।

## باب مَا جَاءَ فِي صَلاَةِ الْوُسْطَى أَنَّهَا الْعَصْرُ وَقَدْ قِيلَ إِنَّهَا الظُّهْرُ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ سَعِيدٍ، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " صَلاَةُ الْوُسْطَى صَلاَةُ الْعَصْرِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَزَيْدِ بْنِ ثَابِتٍ وَعَائِشَةَ وَحَفْصَةَ وَأَبِي هُرَيْرَةَ وَأَبِي هَاشِمِ بْنِ عُتْبَةَ . قَالَ أَبُو عِيسَى قَالَ مُحَمَّدٌ قَالَ عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدِيثُ الْحَسَنِ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ حَدِيثٌ صَحِيحٌ وَقَدْ سَمِعَ مِنْهُ . وَقَالَ أَبُو عِيسَى حَدِيثُ سَمُرَةَ فِي صَلاَةِ الْوُسْطَى حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلُ أَكْثَرِ الْعُلَمَاءِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ . وَقَالَ زَيْدُ بْنُ ثَابِتٍ وَعَائِشَةُ صَلاَةُ الْوُسْطَى صَلاَةُ الظُّهْرِ . وَقَالَ ابْنُ عَبَّاسٍ وَابْنُ عُمَرَ صَلاَةُ الْوُسْطَى صَلاَةُ الصُّبْحِ . حَدَّثَنَا أَبُو مُوسَى مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا قُرَيْشُ بْنُ أَنَسٍ عَنْ حَبِيبِ بْنِ الشَّهِيدِ قَالَ قَالَ لِي مُحَمَّدُ بْنُ سِيرِينَ سَلِ الْحَسَنَ مِمَّنْ سَمِعَ حَدِيثَ الْعَقِيقَةِ فَسَأَلْتُهُ فَقَالَ سَمِعْتُهُ مِنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ . قَالَ أَبُو عِيسَى وَأَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمَدِينِيِّ عَنْ قُرَيْشِ بْنِ أَنَسٍ بِهَذَا الْحَدِيثِ . قَالَ مُحَمَّدٌ قَالَ عَلِيٌّ وَسَمَاعُ الْحَسَنِ مِنْ سَمُرَةَ صَحِيحٌ . وَاحْتَجَّ بِهَذَا الْحَدِيثِ .

বাংলা

১৮২. হান্নাদ (রহঃ) .... সামুরা ইবন জুনদাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন সালাতুল উসতা হকল সালাতুল আসর। - মিশকাত ৬৩৪, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী আবদুল্লাহ ইবনু মাসউদ, যায়দ ইবনু ছাবিত, আইশা, হাফসা, আবূ হুরায়রা, আবূ হাশিম ইবনু উতবা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ মুহাম্মদ আল বুখারী (রহঃ) বলেছেন যে, আলী ইবনু আবদিল্লাহ বলেন, হাসানের সূত্রে বর্ণিত সামুরা ইবন জুনদুব (রাঃ) এর হাদিসটি সহীহ। হাসান (রহঃ) সামুরা ইবনু জুনদাব (রহঃ) থেকে হাদিস শুনেছেন।

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ সালাতুল উসাত হল সালাতুল আসর। যায়দ ইবনু ছাবিত ও আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন সালাতুল উসতা হল যুহরের সালাত। ইবনু আব্বাস ও ইবনু উমর রাদিয়াল্লাহু আনহুম বলেন সালাতুল উসাত হল ফজরের সালাত। আবূ মূসা (রহঃ) ...... হাবীব ইবনুশ শাহীদ বর্ণনা করেন মুহাম্মদ ইবনু সীরীন আমাকে বললেন, হাসানকে জিজ্ঞাসা করা হলে হাসান (রহঃ) বললেন আমি এটি সামুরা ইবনু জুনদাব রাদিয়াল্লাহু আনহু এর নিকট থেকে শুনেছি। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ মুহাম্মাদ ইবনু ইসমাঈল ইবনুল মাদীনী কুরায়শ ইবনু আনাস (রহঃ) সূত্রে আমি এই হাদিসটি শুনেছি। মুহাম্মদ আল বুখারী (রহঃ) বলেছেন, আলী বলেন, সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে হাসানের হাদিস শোনার বিষয়টি সঠিক। তিনি এই হাদিসটিকে প্রমাণ পেশ করেছেন।

## English

Smurah bin Jundub narrated that :
the Prophet said: "Salatul-wusta is the Asr prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17371

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন